

প্রথম রোজা থেকেই শিক্ষাপ্রতিষ্ঠানে ছুটি

জুন ১৬, ২০১৪

এবার প্রথম রোজা থেকেই শিক্ষাপ্রতিষ্ঠানে ছুটি দেওয়া হচ্ছে। আজ সোমবার মন্ত্রিসভার বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে শিক্ষা মন্ত্রণালয় এমন সিদ্ধান্ত নিচ্ছে।

প্রধানমন্ত্রী রোজার শুরু থেকেই শিক্ষাপ্রতিষ্ঠান ছুটি দেওয়ার জন্য শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমানকে নির্দেশ দেওয়ার পর মন্ত্রণালয় ছুটির বিষয়ে কাজ শুরু করে।

জানতে চাইলে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ প্রথম আলোকে বলেন, ‘প্রথমে আমরা রোজার ১০ তারিখ পর্যন্ত ক্লাস চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছিলাম। কিন্তু মানুষের কষ্ট ও রোজার বিষয়টি বিবেচনা করে প্রথম রোজা থেকেই শিক্ষাপ্রতিষ্ঠান ছুটি দেওয়ার বিষয়টি চিন্তাভাবনা করছি।’

সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভায় উপস্থিত একজন প্রথম আলোকে বলেন, বৈঠকে শিক্ষামন্ত্রী কয়েক বছরের ধারাবাহিকতায় এবারও দশম রোজা থেকে শিক্ষাপ্রতিষ্ঠান ছুটি দেওয়ার বিষয়টি তুলে ধরেন। তখন প্রধানমন্ত্রী বলেন, রোজায় সবারই কাজ বেড়ে যায়। নারীরা ব্যস্ত থাকেন। রোজার সময় সকালে বাচ্চাদের স্কুলে নেওয়াও কষ্টকর। এজন্য প্রথম রোজা থেকেই স্কুল-কলেজ ছুটি দেওয়া উচিত।

কয়েক বছর ধরে দশম রোজা থেকে শিক্ষাপ্রতিষ্ঠানে ছুটি হয়। গতবার রাজনৈতিক
অস্থিরতার কারণে ছুটি কমিয়ে আনা হলেও পরে আবার সেই সিদ্ধান্ত বাতিল করা হয়। এ
মাসের শেষের দিকে রোজা শুরু হতে পারে।